

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩০

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৩. মদপানকারীদের উপর কঠোর হুঁশিয়ারী

# بَابِ فِي التَّشْدِيدِ عَلَى شَارِبِ الْخَمْرِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ الْأَوْزَاعِيِّ قَالَ حَدَّثَنِي رَبِيعَةُ بْنُ يَزِيدَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ فِي حَائِطٍ لَهُ بِالطَّائِف يُقَالُ لَهُ الْوَهْطُ فَإِذَا هُو مُخَاصِرٌ فَتًى مِنْ قُرَيْشٍ يُزَنُّ ذَلِكَ الْفَتَى بِشُرْبِ الْخَمْرِ فَقُلْتُ خِصَالٌ الْوَهْطُ فَإِذَا هُو مُخَاصِرٌ فَتًى مِنْ قُريْشٍ يُزَنُّ ذَلِكَ الْفَتَى بِشُرْبِ الْخَمْرِ فَقُلْتُ خِصَالٌ بَلَغَتْنِي عَنْكَ أَنَّكَ تُحَدِّثُ بِهَا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ مَنْ شَرِبَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمَّلَ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفَتَى يَذْكُرُ الْخَمْرَ الْخَمْرَ اخْتَلَجَ يَدَهُ مِنْ شَرِبَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْخَمْرَ الْفَلَا أَنْ سَمِعَهُ الْفَتَى يَذْكُرُ الْخَمْرَ الْخَلَقَ عَلَيْهِ وَسَلَّمَ إِنِّي لَا أُحِلُّ لِأَحْدِ أَنْ يَقُولَ عَلَيَّ مَا لَمْ أَقُلُ وَإِنِّي سَمِعْتُ اللَّهِ طَلَّةً لِمْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ شَرِبَ الْخَمْرَ شَرْبَةً لَمْ تُقْبَلْ لَهُ صَلَاةً أَرْبَعِينَ صَبَاحًا فَإِنْ تَابَ تَابَ اللَّهُ عَلَيْهِ فَلَا أَدْرِي فِي التَّالِثَةِ أَمْ فِي التَّالِقَةِ أَمْ فِي الرَّابِعَةِ كَانَ حَقَّا عَلَيْهِ فَلَا أَدْرِي فِي التَّالِثَةِ أَمْ فِي الرَّابِعَةِ كَانَ حَقَّا عَلَى اللَّهِ أَنْ يَسْقِيَهُ مِنْ رَدْغَةِ الْخَبَالِ يَوْمَ الْقِيَامَةِ

#### বাংলা

২১৩০. আবদুল্লাহ্ ইবন দায়লামী রাদিয়াল্লাহ্থ আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ্ ইবনু আমর ইবনুল আস রাদিয়াল্লাহ্থ আনহু এর নিকট উপস্থিত হলাম, তখন তিনি তাঁর তায়েফস্থিত ওহাত নামক বাগানে ছিলেন। তিনি কুরায়শের এক যুবকের মাজা ধরে ছিলেন। লোকদের ধারনা ছিল যে, ঐ যুবক মদ পান করতো। আমি বললাম, আমার নিকট আপনার বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে যে, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম হতে হাদীস বর্ণনা করে থাকেন, তিনি বলেছেন: "যে ব্যক্তি এক ঢোক শরাব পান করবে, চল্লিশ দিন তার সালাত কবুল হবে না।" সে যুবকটি মদের আলোচনা শোনামাত্র আব্দুল্লাহ রাদিয়াল্লাহ্ছ আনহু এর হাত থেকে তার হাত এক ঝটকায় সরিয়ে নিয়ে চলে গেল।

তখন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু বললেন, হে আল্লাহ! আমি যা বলিনি, আমার উপর তা আরোপ করা কারো জন্য হালাল করি না। নিশ্চয়ই আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "যে ব্যক্তি এক ঢোক



শরাব পান করবে, চল্লিশ দিন তার সালাত কবুল হবে না। অত:পর যদি সে তাওবা করে, তবে মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া-তায়ালা তার তাওবা কবুল করবেন।" আমার মনে নাই, তিনি এভাবে তৃতীয় বারে নাকি চতুর্থবারে বলেছেন, "তাহলে মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া-তায়ালা নিশ্চিতরুপে তাকে কিয়ামতের দিন 'রদগতিল খাবাল' (দোযখীদের পুঁজ) পান করাবেন।"[1]

### ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ, যদি রবীয়াহ ইবনু ইয়াযিদ আব্দুল্লাহ ইবনু দাইলামী হতে শ্রবণ করে থাকেন। মিযযী বলেন, এদের উভয়ের মাঝে আবূ ইদরীস আল খাওলানী রয়েছে।'

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৩৫৭ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৩৭৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন